আটঘরিয়ায় র্যাবের অভিযান, অস্ত্রসহ গ্রেফতার ২

আটঘরিয়ায় র্যাবের
অভিযান

শহর প্রতিনিধি: রোববার (৩১ জুলাই) দুপুর ২ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে আটঘরিয়া উপজেলার চৌবাড়িয়া এলাকায় অভিযান চালিয়ে ১টি দেশীয় শাটারগান ও ৪ রাউন্ড গুলি সহ দুই সন্ত্রাসীকে গ্রেফতার করেছে র্যাব।

আটককৃতরা হলেন- জেলার আটঘরিয়া উপজেলার একদন্ত বাড়ইপাড়া এলাকার মৃত মিনহাজ উদ্দিনের ছেলে আব্দুল কুদ্দুস (৩৪) ও একই উপজেলার চৌবাড়িয়া এলাকার মৃত আনছারুল ইসলামের ছেলে নাছির উদ্দিন স্বপন (৪০)।

র্যাব-১২ পাবনা ক্যাম্প সূত্র জানায়, আটঘরিয়া উপজেলার চৌবাড়ীয়া এলাকায় নাশকতার জন্য অস্ত্রসহ দুই সন্ত্রাসী অবস্থান করছে। এমন সংবাদের ভিত্তিতে র্যাব-১২ পাবনা ক্যাম্পের ডিএডি মোঃ মনোয়ার হোসেন এর নেতৃত্বে একটি অভিযানিক দল সেখানে অভিযান চালায়।

অভিযানে তাদের আটক করা হয় এবং তাদের নিকট থেকে অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়।

আসামীদের বিরুদ্ধে আটঘরিয়া থানায় অস্ত্র আইনে মামলা হয়েছে।